চুয়াডাঙ্গায় সাপ্তাহিক পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান

চুয়াডাঙ্গায় সাপ্তাহিক পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গা পৌরসভার মোট ২৪টি স্কুল-কলেজে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়।

শনিবার সকাল সাড়ে ৮টা থেকে দুপুর পর্যন্ত এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট লুৎফুন নাহার। এ সময় তিনি চুয়াডাঙ্গা পৌর এলাকার কেদারগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা আদর্শ উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজ, শাহাদৎ হোসেন সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন স্কুল, কলেজ ও কিন্ডারগার্টেন এবং কেদারগঞ্জ বাজারে অভিযান পরিচালনা করেন।

অভিযানে আদর্শ উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ অপরিষ্কার থাকায় সেখানে তিনি নিজেই পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশ নেন এবং স্কুল কর্তৃপক্ষকে আগামী শনিবারের মধ্যে সকল প্রকার ময়লা- আবর্জনাসহ সার্বিক পরিস্থিতি ঠিক করার নির্দেশনা প্রদান করেন।

অন্যদিকে, চুয়াডাঙ্গা কেদারগঞ্জ বাজারের পাশে প্রবাহমান মাথাভাঙ্গা নদীর পাড়ে পড়ে থাকা বাজারের সকল প্রকার ময়লা-আবর্জনা পরিষ্কার করতে এবং ভবিষ্যতে সেখানে পুনরায় ময়লা-আবর্জনা ফেললে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি প্রদান করেন। আগামী শনিবারের মধ্যে কেদারগঞ্জ বাজারের ময়লা-আবর্জনা মাথাভাঙ্গা নদীর পাড় থেকে অপসারণ করতে চুয়াডাঙ্গা পৌর প্রশাসককে নির্দেশনা দেন।

এ সময় তিনি বাজারে বিক্রিত মাংসের দোকানসহ অন্যান্য দোকানে মনিটরিং কার্যক্রম পরিচালনা করেন এবং সকল ব্যবসায়ীকে নীতি-নৈতিকতার সঙ্গে ব্যবসা পরিচালনার অনুরোধ জানান।

পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক ও চুয়াডাঙ্গা পৌর প্রশাসক শারমিন আক্তার, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার তিথি মিত্র,

চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শাহ আলম সনি, চুয়াডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম মনি, চুয়াডাঙ্গা জেলা জাসাসের সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের রোভারবৃন্দ, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।